গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
www.coop.khulnadiv.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪-৪৬২ তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রী:

বিষয় : জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি ও সমবায়ী মনোনয়ন প্রদান।

সূত্র : ০১. সমবায় অধিদপ্তরের প্রচার ও প্রকাশনা শাখার স্মারক নং-৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭২; তারিখ: ০৮/০৯/২০২৫

০২. বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনার স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪-৪৬১(১০); তারিখ: ০৮/০৯/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী ১০ টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০ (দশ) টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (২ জন পুরুষ ও ২ জন মহিলা)'কে জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের লক্ষ্যে সমবায় অধিদপ্তরের সূত্রস্থ ০১ নং স্মারকপত্র ও নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ১০ টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০ (দশ) টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (২ জন পুরুষ ও ২ জন মহিলা)'কে মনোনয়ন দিয়ে সফট কপি ইমেইলে ও ২(দুই) প্রস্ত হার্ডকপি বাহক মারফত বিনা ব্যর্থতায় আগামী ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, সূত্রস্থ ২ নং স্মারকে ইত:পূর্বে জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য সমবায় সমিতি ও সমবায়ীদের নিকট থেকে মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংযুক্ত), পৃথক ২টি আবেদন ফরম প্রেরণ করা হয়েছে।

০২। বিষয়টি অতীব জরুরী।

<u>অনুসৃতব্য নির্দেশনা:</u>

- ✓ সংযুক্ত ছকে MS word এ ইউনিকোড Nikosh ফন্ট ব্যবহার করে Legal size কাগজে Landscape orientation এ টাইপ করতে হবে। অন্য কোন ফন্টের সাথে মিশ্রন করা যাবেনা;
- ✓ মূল্যায়ন ছকে সন্নিবেশিত/উপস্থাপিত/প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রমাণক থাকতে হবে:
- ✓ আর্থিক বিষয়গুলির ক্ষেত্রে সমিতির নিরীক্ষিত হিসাব বিবরণী প্রাধান্য পাবে;
- ✓ জেলা বাছাই কমিটির সভার রেজুলেশন প্রেরণ করতে হবে;
- ✓ জেলা থেকে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের স্বপক্ষে ক্যাপশনসহ ল্যাব প্রিন্ট (4R) কমপক্ষে ০৮ টি ছবি (যেমন, সমিতির অফিস ঘর, ব্যবস্থাপনা কমিটির সভা, বার্ষিক সাধারণ সভা, লভ্যাংশ বিতরণ, উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য ছবি লিগ্যাল সাইজ কাগজে প্রতি পাতায় ৪ টি করে স্ট্যাপল করে নিচে ক্যাপশন লিখতে হবে);
- ✓ জেলা থেকে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনায় ৩-৪ মিনিটের ভিডিও ডকুমেন্টরি প্রস্তুত রাখতে হবে এবং বিভাগ থেকে চুড়ান্ত মনোনয়ন পেলে তাৎক্ষণিকভাবে প্রেরণ করবেন;
- ✓ জেলা সমবায় অফিসারগণ তথ্যের যথার্থতা নিশ্চিত করবেন;
- ✓ সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য আগামী ২৫/০৯/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

সংযুক্ত: ০১. সমবায় অধিদপ্তরের পত্র - ০১ (এক) পাতা
০২. মূল্যায়ন ছক ২টি - ০২ (দুই) পাতা
০৩. আবেদনের শ্রেণি/ক্যাটাগরি - ০১ (এক) পাতা

০৯/০৯/২৫

(মোঃ নূরুন্নবী)
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
খুলনা
ফোন নং-০২৪৭৭-৭০১৯৮১
jr.khulna@coop.gov.bd

জেলা সমবায় অফিসার
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল
ঝিনাইদহ/কুষ্টিয়া/মাগুরা//চুয়াডাঙ্গা/মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা শাখা
এফ- ১০, আগারগাঁও সিভিক সেন্টার, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫. ১৭২ তারিখ:০৮/০৯/২০২৫

**বিষয়: জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি ও সমবায়ী নির্বাচন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২৩.০১২.২০.৩১০; তারিখ: ২৭/০৭/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী মোট ১৪টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (০২ জন পুরুষ ও ০২ জন মহিলা) মনোনয়ন প্রক্রিয়া উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে সম্পন্ন করে পর্যায়ক্রমে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২। শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

**২(ক) দায়িত্ব ও সময়সীমা:**

| ক্র. নং | দায়িত্বপ্রাপ্ত কমিটি | কার্যাবলি | সময়সীমা |
|---|---|---|---|
| ১ | উপজেলা কমিটি | জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৬.১ দফা অনুযায়ী প্রাপ্ত আবেদন নির্ধারিত মুল্যায়ন সূচকের আলোকে বাছাই সম্পন্ন করে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ | ১৮/০৯/২০২৫ |
| ২ | জেলা কমিটি | জেলা কমিটি বাছাই সম্পন্ন করে তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ | ২৫/০৯/২০২৫ |
| ৩ | বিভাগীয় কমিটি | বিভাগীয় কমিটি বাছাই সম্পন্ন করে তালিকা (সফট কপি, ০৫ প্রস্ত হার্ড কপি ও মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনায় ৩-৪ মিনিটের ভিডিও ডকুমেন্টারিসহ) সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাছাই কমিটির নিকট প্রেরণ | ০৮/১০/২০২৫ |

**২(খ) তালিকা প্রণয়নের নির্দেশনা:**

১। সংযুক্ত ছক **MS Word** এ ইউনিকোড **Nikosh** ফন্ট ব্যবহার করে **Legal size** কাগজে **Landscape orientation** এ টাইপ করতে হবে। অন্য কোনো ফন্টের সাথে মিশ্রণ করা যাবে না।

২। মনোনীত সমবায় সমিতি বা সমবায়ীর জন্য ছকে সন্নিবেশিত তথ্য **উপযুক্ত রেকর্ড দ্বারা সমর্থিত** হতে হবে।

**২(গ) অতিরিক্ত নির্দেশনা:**

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে আলাদাভাবে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ প্রস্ত ছক।

০৮/০৯/২০২৫

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অতি: দায়িত্ব)
ফোনঃ ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ</u>

১। সচিব (রুটিন দায়িত্ব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\Award ২০২৪\Draft Soft Copy of ২০২৪\নির্দেশনা পত্র.doc

CS CamScanner

CS CamScanner

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর আলোকে
'জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি নির্বাচন সংক্রান্ত মুল্যায়ন সূচক

শ্রেণি:……………………..

শ্রেষ্ঠ সমবায় সমিতিঃ

| বিভাগ (জেলার নাম) | সমিতির নাম, রেজিঃ নং, তারিখ, ঠিকানা | অর্থনৈতিক অবস্থা | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিশোধিত শেয়ার মূলধন | সংরক্ষিত তহবিল | মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল | সঞ্চয় আমানত | স্থাবর ও অস্থাবর সম্পত্তির মূল্য | সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ (৩ বছর) | সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর) | অন্যান্য বিনিয়োগ (৩ বছর) | নিট মুনাফা (টাকায়) | সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টনের পরিমাণ (টাকায়) ও শতকরা হার | অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদানের পরিমাণ (টাকায়) |
| | | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | নম্বর | | | | | | | | | | |

| প্রচলিত আইন ও বিধি প্রতিপালন | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| সর্বশেষ নির্বাচন (প্রমাণক- ফলাফলের কাগজপত্র) | বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক- হাজিরা তলিকাসহ কার্যবিবরণী) | বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভার সংখ্যা (প্রমাণকসহ) | বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ) | বার্ষিক হিসাব বিবরণী দাখিল করা হয়েছে কিনা? (প্রমাণকসহ) | সম্পাদিত অডিটের আলোকে অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণকসহ) | বিধিবদ্ধ রেজিস্টারসমূহ বিবেচ্য বছরের ৩০ জুন তারিখে হালনাগাদ আছে কিনা? (প্রমাণকসহ) | পরিশোধিত শেয়ারের বাজার মূল্য নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণকসহ) |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| | | | | | | | |

| সমবায় সমিতি কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম | | | সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ | | | বিভাগীয় কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|
| সমবায় আন্দোলনে (উদ্বুদ্ধকরণ সভা, সেমিনার ও র‍্যালী, পুরস্কার প্রদান, প্রচার ও প্রকাশনা) অবদান (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ) | সামাজিক কার্যক্রম (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ) | সমবায় ওয়েব পোর্টালের (portal.coop.gov.bd) সকল তথ্য হালনাগাদকরণ | বিগত ০৩ বছরে সমবায় অধিদপ্তরের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী সদস্য সংখ্যা (প্রমাণকসহ) | অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ | |
| ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | |
| | | | | | | |

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর আলোকে

**'জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক**

**শ্রেষ্ঠ সমবায়ী**

| বিভাগ (জেলার নাম) | সমবায়ীর নাম, পিতার নাম, পূর্ণ ঠিকানা এবং সমবায় সমিতির নাম, নিবন্ধন নম্বর ও ঠিকানা | অর্থনৈতিক অবস্থা | | | | | প্রচলিত আইন ও বিধি প্রতিপালন | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ) | ব্যক্তিগত শেয়ারের মূল্য (টাকায়) | ব্যক্তিগত সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়) | ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের হার (টাকায়) | সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা | ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন | সমিতির বিভিন্ন কমিটি/ উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা) | সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। | তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরুপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা? | তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা? |
| | | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ৮ | ৯ | ১০ |
| | | নম্বর | | | | | | | | | |

| উন্নয়ন কার্যক্রম | | | | কর্মসংস্থান | | |
|---|---|---|---|---|---|---|
| এ পর্যন্ত সমবায় সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা ও বিবরণ | অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা | ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ | সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | সমিতিতে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তাঁর ভূমিকা-<br>১) প্রত্যক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ<br>২) পরোক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ | সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | সমবায় উদ্যোক্তা সৃজনে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | | |

| অন্যান্য কার্যক্রম | | | বিভাগীয় কমিটি কর্তৃক প্রদত্ত মোট নম্বর |
|---|---|---|---|
| সমবায় আন্দোলনে তাঁর নেতৃত্ব ও ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | সমবায় আন্দোলনের স্বীকৃতিস্বরূপ স্থানীয়/ জাতীয় পর্যায়ে তাঁর স্বীকৃতির সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক- সনদ, ক্রেস্ট, ছবি) | সমবায় সংক্রান্ত তাঁর নিজস্ব প্রকাশনা (প্রমাণক- স্বনামে প্রকাশিত নিবন্ধ/গবেষণা ইত্যাদি) | |
| ১৮ | ১৯ | ২০ | |
| | | | |



CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
www.coop.khulnadiv.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪- ৪৬৯ (১০)    তারিখ: ০৮/০৯/২০২৫

বিষয় : জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোড

সূত্র : সমবায় অধিদপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭১; তারিখ: ০৮/০৯/২০২৫

উপর্যুক্ত বিষয়ে সমবায় অধিপ্তরের সূত্রস্থ স্মারকপত্রটি এসাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা মোতাবেক ৫৪তম জাতীয় সমবায় দিবসে সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য সমবায় সমিতি ও সমবায়ীকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করার লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ অনুযায়ী জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য সমবায় সমিতি ও সমবায়ীদের নিকট থেকে মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংযুক্ত), পৃথক ২টি আবেদন ফরম (কপি সংযুক্ত) এবং আবেদনের শ্রেণি/ক্যাটাগরি (কপি সংযুক্ত) স্ব স্ব জেলার ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোডকরণ, অধিনস্থ উপজেলাসমূহ ও জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: ০১. সমবায় অধিদপ্তরের পত্র - ০১ (এক) পাতা
০২. জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি- ০১ (এক) পাতা
০৩. আবেদন ফরম ২টি - ০২ (দুই) পাতা
০৪. আবেদনের শ্রেণি/ক্যাটাগরি - ০১ (এক) পাতা

০৮/০৯/২৫
(মোহাঃ জাহাঙ্গীর আলম)
উপ নিবন্ধক(প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়
খুলনা
ফোন নং-০২৪৭৭-৭০০৪৫০
jr.khulna@coop.gov.bd

জেলা সমবায় অফিসার
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল
ঝিনাইদহ/কুষ্টিয়া/মাগুরা//চুয়াডাঙ্গা/মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫. ৯৭৯ তারিখঃ ০৮/০৯/২০২৫

বিষয়ঃ **জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০১ নভেম্বর ২০২৫ শনিবার ৫৪তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। উক্ত দিবসে সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য সমবায় সমিতি এবং সমবায়ীকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এ লক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৫ অনুযায়ী জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি, নীতিমালার অনুচ্ছেদ ৬.১ এ উল্লিখিত ২টি আবেদন ফরম (সমবায় সমিতি এবং সমবায়ীর জন্য পৃথক পৃথক) এবং আবেদনের শ্রেণি/ক্যাটাগরি ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। ০২টি আবেদন ফরম;
২। জাতীয় সমবায় পুরস্কার-২০২৪ এর মনোনয়ন আহ্বান বিজ্ঞপ্তি।

০৮/০৯/২০২৫

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অতি: দায়িত্ব)
ফোনঃ ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

**অবগতি ও কার্যার্থে বিতরণ:**

১। সচিব (রুটিন দায়িত্ব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় অধিদপ্তর, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় (সকল)। তাঁর আওতাধীন জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টাল, জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭০ তারিখ: ০৮/০৯/২০২৫

## বিজ্ঞপ্তি

## 'জাতীয় সমবায় পুরস্কার ২০২৪' এর মনোনয়ন আহবান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং **০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা)** ২০২৪ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

**সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ**

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;
৭. **মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি:** যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

**আবেদন প্রক্রিয়া**

১. **আবেদন ফরম প্রাপ্তিস্থান:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট **www.rdcd.gov.bd** এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে ০৮/০৯/২০২৫ তারিখ হতে পাওয়া যাবে।
২. **আবেদন ফরম জমা:** সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৬/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৮/০৯/২০২৫

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

ফরম-ক

# জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)

## আবেদনের শ্রেণি/ক্যাটাগরি**

......................................................

১. সমবায় সমিতির নাম:

২. সমবায় সমিতির নিবন্ধন নং ও তারিখ:

৩. সমবায় সমিতির ঠিকানা:

৪. ব্যবস্থাপনা কমিটির ধরণ ও মেয়াদকাল:

৫. সমিতির অর্থনৈতিক অবস্থা-

ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়) ............................

খ) সংরক্ষিত তহবিল (টাকায়).......................

গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়)......................

ঘ) সঞ্চয় আমানত (টাকায়)...........................

৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:

৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:

৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:

৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের
স্বাক্ষর.........................................
নাম:...........................................
মোবাইল নম্বর:................................
ই-মেইল:......................................
তারিখ:.........................................

সভাপতির স্বাক্ষর..................................
নাম:...................................................
মোবাইল নম্বর:.....................................
ই-মেইল:...........................................
তারিখ:..............................................

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোন একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

# জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)

আবেদনকারীর সাম্প্রতিককালে তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরম্যাটে ছবি সংযুক্ত করতে হবে)।

১. আবেদনকারীর নাম (বাংলায়): ..............................................

ইংরেজিতে (বড় অক্ষরে): ..............................................

২. পিতার নাম : ..............................................................

মাতার নাম : ..............................................................

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): খ) বয়স (আবেদনের তারিখে):

৬. শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও বর্তমানে সমিতিতে পদবি:

৮. ব্যক্তিগত শেয়ারের মূল্য ও সঞ্চয় আমানতের পরিমাণ-

ক) শেয়ার (টাকায়):

খ) সঞ্চয় (টাকায়):

৯. ব্যক্তিগত ঋণ সংক্রান্ত তথ্যাদি-

ক) ঋণ গ্রহণের পরিমাণ (টাকায়):

খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর..............................

মোবাইল নম্বর:......................................

ই-মেইল: ...........................................

তারিখ:...............................................

# জাতীয় সমবায় পুরস্কার ২০২৪ এর মনোনয়ন আহ্বানের জন্য সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;

২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;

৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;

৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;

৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;

৭.**মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;

৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;

১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি:** যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।